ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার -০৮/০৯/২০১৭ ।। ১

দক্ষিণ জিলা পরিষদের সাধারণ সভা অনুষ্ঠিত

বিলোনীয়া, ৮ সেপ্টেম্বর ।। বিলোনীয়া সার্কিট হাউসে আজ দক্ষিণ জিলা পরিষদের সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সভাধিপতি হিমাংশু রায়। বিধায়ক বাসুদেব মজুমদার, সহকারী সভাধিপতি নরেশ পাটারী, ঋষ্যমুখ, রাজ নগর, ভারত চন্দ্র নগর, পোয়াংবাড়ী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, রূপাইছড়ি বিএসি চেয়ারম্যান, জেলা শাসক সি কে জমাতিয়া সহ জিলা পরিষদের স্থায়ী কমিটির সদস্যগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সভায় উপস্থিত ছিলেন। সভার শুরুতে জেলা শাসক সি কে জমাতিয়া জানান, রেগায় দক্ষিণ জেলায় বর্তমানে গড়ে ২৩ শ্রমদিবসের কাজ হয়েছে। সভাধিপতি হিমাংশু রায় বলেন, জিলা পরিষদের অর্থে ৪০ লক্ষ টাকার আলু বীজ কেনা হবে। ৫০ শতাংশ ভর্তুকী মূল্যে আলু বীজগুলি আলু চাষীদের দেওয়া হবে। ৪০টি বেড় জাল মাছ চাষীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হবে। জেলার লুধুয়া-লিলাগড় চা বাগানের চা নার্সারীর জন্যে আর্থিক সাহায্য করা হবে। জিলা পরিষদের বিভিন্ন প্রকল্প রূপায়ণে তিনি সবার সহযোগিতা কামনা করেন।

খোয়াইয়ে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

খোয়াই, ৮ সেপ্টেম্বর ।। পড়ব লিখব যুক্তি দিয়ে ভাবব স্ব-নির্ভর হয়ে নতুন জীবন গড়ব- এই আহ্বানকে সামনে রেখে, আজ সাক্ষরতা সমিতির উদ্যোগে খোয়াই ব্লক ও পুর পরিষদ সাক্ষরতা সমিতির ব্যবস্থাপনায় স্থানীয় টাউন হলে অনুষ্ঠিত হয় খোয়াই জেলা ভিত্তিক আন্তর্জাতিক সাক্ষরতা দিবস।অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিশ্বজিত দত্ত। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, নিরক্ষরকে সাক্ষর করার কাজ গুরুত্ব দিয়ে এগিয়ে নিতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখতে গিয়ে সভাধিপতি সাইনী সরকার সমাজকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করতে সকলের প্রতি আহ্বান জানান। স্বাগত ভাষণ দেন অতিরিক্ত জেলাশাসক হীরেন্দ্র দেববর্মা। অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিধায়ক পদ্মকুমার দেববর্মা, জিলা পরিষদের সহ সভাধিপতি বিদ্যুৎ ভট্টাচার্য্য, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণ শুক্লদাস, পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন কানন দত্ত, জেলাশাসক ডা: সন্দীপ এন মহাত্রে প্রমুখ। সভাপতিত্ব করেন পুর পরিষদের চেয়ারপার্সন শুক্লা সেনগুপ্ত। আয়োজিত অনুষ্ঠানে ২০ জন পড়ুয়াকে মেধা সম্মান প্রদান করা হয়। সাক্ষরতা দিবস উপলক্ষে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র ছাত্রী, অঙ্গনওয়াড়ি কর্মী, নব পড়ুয়াদের নিয়ে বর্ণাঢ্য র‍্যালী খোয়াই শহর এলাকা পরিক্রমা করে।

কালাছড়া ব্লক ভিত্তিক লোকসংস্কৃতি ও বনমহোৎসবের প্রস্তুতি

ধর্মনগর, ৮ সেপ্টেম্বর ।। কালাছড়া ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি ও বনমহোৎসব আগামী ১৩ সেপ্টেম্বর উত্তর হুরুয়া গ্রাম পঞ্চায়েতের কালাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সাংস্কৃতিক হলে অনুষ্ঠিত হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং কালাছড়া ব্লকের যৌথ উদ্যোগে অনুষ্ঠিতব্য এই উৎসবকে সার্বিক ভাবে সফল করে তোলার জন্য সম্প্রতি ব্লক কার্যালয়ের সভা কক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। কালাছড়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বাসুদেব দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানপত্নী দীপ্তিরানী দেবনাথ, উত্তর হুরুয়া পঞ্চায়েতের প্রধান জয়নাল উদ্দীন, পঞ্চায়েত সমিতির সদস্য আবদুল রব, ব্লকের বি ডি ও আশীষ বিশ্বাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা দেবাশিস নাথ, কালাছড়া বিদ্যালয়ের প্রধান শিক্ষক উত্তম কুমার বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।

শারদোৎসব : কুমারঘাটে সভা

কুমারঘাট, ৮ সেপ্টেম্বর ।। কুমারঘাট মহকুমায় আসন্ন শারদোৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে সম্প্রতি কুমারঘাট পঞ্চায়েত সমিতির সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। মহকুমা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় ভট্টাচার্য। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক টুনু বালা মালাকার, বি ডি ও মানিকলাল দাস, ডি সি স্বরূপা রিয়াং, মহকুমা পুলিশ আধিকারিক, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সহ ক্লাব ও সমাজিক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ। মহকুমা শাসক আলোচনায় অংশ নিয়ে পূজা উদ্যোক্তাদের সরকারী নীতি নির্দেশিকা পালনের উপর গুরুত্বারোপ করেন।

গোমতীজেলায় সচেতনতামূলক কর্মসূচি

উদয়পুর, ৮ সেপ্টেম্বর ।। গোমতী জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ১-১৫ অক্টোবর জেলার বিভিন্ন পঞ্চায়েত ও এডিসি ভিলেজ কমিটিতে স্বচ্ছ সংকল্পসে স্বচ্ছ সিদ্ধি বিষয়ে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলি সম্পর্কে জনসাধারণকে সচেতন করা হবে। পক্ষকাল ব্যাপী এই কর্মসূচীতে পরিবেশ সচেতনতা বিষয়ক আলোচনা, বৃক্ষরোপণ, সাফাই অভিযান ইত্যাদি সংগঠিত হবে। এই কর্মসূচিকে সার্বিক ভাবে সফল করে তোলার জন্য সম্প্রতি গোমতী জেলার জেলা শাসক র‍্যাভেল হেমেন্দ্র কুমারের সভাপতিত্বে তাঁরই অফিস কক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সহ ক্লাব ও সামাজিক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

বিষ্ণুরমণ দত্ত-র মৃত্যুতে তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর শোক

আগরতলা, ০৭ সেপ্টেম্বর ।। রাজ্যের বিশিষ্ট কবিয়াল তথা লোকশিল্পী বিষ্ণুরমণ দত্ত-র মৃত্যুতে তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা গভীর শোক প্রকাশ করেছেন । এক শোক বার্তায় তিনি বলেছেন বিষ্ণুরমণ দত্ত-র মৃত্যুতে রাজ্যের সংস্কৃতি জগতের এক অপূরণীয় ক্ষতি হল । তিনি প্রয়াত এই শিল্পীর শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

উত্তর জেলা ভিত্তিক কলা উৎসব

ধর্মনগর, ০৭ সেপ্টেম্বর ।। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে উত্তর ত্রিপুরা জেলা ভিত্তিক দুইদিন ব্যাপী কলা উৎসব আজ থেকে ধর্মনগর বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে শুরু হয়েছে । প্রদীপ প্রজ্জ্বলন করে কলা উৎসবের উদ্বোধন করেন ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মানিক লাল নাথ । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধর্মনগর পুর পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি প্রমোদ মালাকার। রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান কর্মসূচীর অঙ্গ হিসাবে এই কলা উৎসবের আয়োজন করা হয়েছে । দুইদিনের কলা উৎসবে রয়েছে সমবেত লোকনৃত্য, সমবেত লোকসংগীত, ভিজুয়্যাল আর্ট ও নাটক প্রতিযোগিতা ।

উদ্বোধকের ভাষণে ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মানিক লাল নাথ ভারতীয় সংস্কৃতির ধারাবাহিক অগ্রগতির দিক তুলে ধরেন । নানা বৈচিত্র্যেপূর্ণ ভারতের ঐক্য ও সংহতি রক্ষায় ছাত্রছাত্রী সহ সকলের ভূমিকার উপর তিনি গুরুত্ব আরোপ করেন । পুর পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি প্রমোদ মালাকার বলেন, ছাত্রছাত্রীদের লেখাপড়ার পাশাপাশি অন্যান্য প্রতিভার বিকাশে উৎসাহিত করতে হবে।

অনুষ্ঠানে রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক গৌর গোপাল ব্যানার্জী বলেন, আজকের ছাত্রছাত্রীদের মধ্যে অনেক প্রতিভা আছে । এই রূপ উৎসবে সংগীত, নৃত্য ইত্যাদি সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে আমাদের সংস্কৃতি আরও বিকশিত হবে । স্বাগত ভাষণ রাখেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের ও এস ডি সুব্রত পাল । কলা উৎসবে আজ উত্তর জেলার ধর্মনগর সরকারী উচ্চতর বালিকা বিদ্যালয়, দামছড়া, পানিসাগর, হাপলং টি ই, চন্দ্রপুর, কালাছড়া, গোল্ডেনভ্যালী, লালছড়া, পদ্মপুর, আলগাপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় ও রাজবাড়ী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা লোকনৃত্য পরিবেশন করে । এছাড়াও জম্পুইহিল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের শিল্পীরা ব্যাম্বো ড্যান্স পরিবেশন করে । বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে প্রবেশ দ্বারে আর্ট গ্যালারীতে জেলার ৬টি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ভিজুয়্যাল আর্ট প্রদর্শন করে ।

চড়িলাম ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব

বিশালগড়, ০৭ সেপ্টেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর ও চড়িলাম ব্লকের উদ্যোগে চড়িলাম ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব আজ অনুষ্ঠিত হয় ব্রজপুর গ্রাম পঞ্চায়েতের ব্রজপুর বাজার নাট মন্দিরে । ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসবের উদ্বোধন করেন ব্রজপুর রামকৃষ্ণ মিশনের মহারাজ স্বামী দেবেশানন্দ মহারাজ । লোক সংস্কৃতি উৎসবের উদ্বোধন করে তিনি বলেন, হারিয়ে যাওয়া সংস্কৃতিকে রক্ষা মানে আমাদের নিজস্ব পরিচয় ও কৃষ্টিকে রক্ষা করা । সংস্কৃতির মধ্যে রয়েছে আমাদের সৃষ্টির পরিচয় । প্রধান অতিথির ভাষণে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফখরউদ্দীন আহমেদ বলেন, আমাদের জাতি-ধর্ম নির্বিশেষে প্রত্যেকের নিজ নিজ কৃষ্টি ও সংস্কৃতিকে রক্ষা ও প্রসারে সবাইকে মিলেমিশে এগিয়ে আসতে হবে । সম্মানিত অতিথির ভাষণে বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা বলেন, আজকের প্রজন্মকে আমাদের ঐতিহ্যের সাথে পরিচয় করিয়ে দিতে পারে এই লোক সংস্কৃতি । ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসবে চড়িলাম ব্লকের গ্রাম পঞ্চায়েত ও ভিলেজ কমিটিগুলি থেকে ১১০ জন শিল্পী উপজাতি লোক নৃত্য, মনসামঙ্গল, বাউলসংগীত সহ লোকসংগীত পরিবেশন করেন । অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন তথ্য সংস্কৃতি দপ্তরের সিপাহীজলা জেলা কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক অমৃত দেববর্মা । সভাপতিত্ব করেন চড়িলাম পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান পুষ্পরাণী সিনহা ।

কাকড়াবনে সাংস্কৃতিক কর্মশালা

উদয়পুর, ০৭ সেপ্টেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল থেকে উদয়পুরের কাকড়াবন কমিউনিটি হলে শুরু হয়েছে ৭ দিন ব্যাপী এক সাংস্কৃতিক কর্মশালায় । এই কর্মশালায় অংশ গ্রহনকারী ছাত্রছাত্রীদের রবীন্দ্র সঙ্গীত - নজরুল গীতি ও লোকসংগীত ও নৃত্যে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে । এই কর্মশালায় কাকড়াবন হাইস্কুল, কুশামারা উচ্চ বুনিয়াদী বিদ্যালয়, ধূতিখোলা উচ্চ বুনিয়াদী বিদ্যালয়, মেলাঘরটিলা উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ের ৭০ জন ছাত্রছাত্রী প্রশিক্ষণ নিচ্ছে ।

এম জি এন রেগা ঃ গোমতী জেলায় কাজ হয়েছে ১৮,৪৩,৪৯৩টি শ্রমদিবসের

উদয়পুর, ৭ সেপ্টেম্বর ।। গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে আজ জিলা পরিষদের কার্যকরী কমিটির সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতিত্ব করেন জিলা পরিষদের সভাধিপতি সুনীতি সাহা । সভায় পরিষদের সহকারী সভাধিপতি দীনবন্ধু দাস, গোমতী জেলার জেলা শাসক র‍্যাভেল হেমেন্দ্র কুমার, সচিব বিমল রিয়াং সহ কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন । সভায় চলতি অর্থ বছরের পঞ্চায়েত উন্নয়ন তহবিল, এম জি এন রেগা, প্রধানমন্ত্রী আবাস যোজনা সহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী রূপায়ণ ও কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয় । সভায় জানানো হয়, জিলা পরিষদের পঞ্চায়েত উন্নয়ন তহবিলে এখন পর্যন্ত ৬১ লক্ষ ১২ হাজার ৯২৫ টাকা বরাদ্দ পাওয়া গেছে । সভায় জেলা শাসক র‍্যাভেল হেমেন্দ্র কুমার জানান, চলতি অর্থ বছরে এম জি এন রেগায় এখন পর্যন্ত গোমতী জেলায় গড়ে ২৪.৬২ দিনের কাজ হয়েছে । এতে মোট কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে ১৮ লক্ষ ৪৩ হাজার ৪৯৩টি শ্রমদিবসের ।

ধলাই জেলা ভিত্তিক কলা উৎসব

আমবাসা, ৭ সেপ্টেম্বর ।। ডলুবাড়ী গেইট দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রাঙ্গণে আজ ধলাই জেলা ভিত্তিক কলা উৎসব অনুষ্ঠিত হয় । রাষ্টীয় মাধ্যমিক শিক্ষা অভিযানের ধলাই জেলা কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন জিলা পরিষদের সভাধিপতি পরিমল চন্দ্র দাস । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক ললিত কুমার দেববর্মা । উদ্বোধনী ভাষণে জিলা পরিষদের সভাধিপতি পরিমল চন্দ্র দাস আমাদের নিজস্ব কৃষ্টি সংস্কৃতিকে বাঁচিয়ে রাখার জন্যে এই ধরণের উৎসবের প্রয়োজনীয়তা রয়েছে বলে মন্তব্য করেন । অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক, আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তপতী ভট্টাচার্য বক্তব্য রাখেন । সভাপতিত্ব করেন জেলা শিক্ষা আধিকারিক সমীরণ মালাকার । অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ডলুবাড়ী গেইট দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুকমল কান্তি দাস ।জেলা ভিত্তিক কলা উৎসবে সঙ্গীত প্রতিযোগিতায় জেলার ৬টি বিদ্যালয় থেকে ৬টি দল অংশ গ্রহণ করে । এছাড়া নৃত্য প্রতিযোগিতায় জেলার ১২টি বিদ্যালয় থেকে ১২টি নৃত্যদল অংশ গ্রহণ করে। নাটক প্রতিযোগিতায় ৫টি বিদ্যালয় থেকে ৫টি নাটকের দল অংশ গ্রহণ করে। আর্ট প্রতিযোগিতায় ৬টি বিদ্যালয়ের ৬টি দলের মোট ২২ জন প্রতিযোগী অংশ গ্রহণ করে ।